

**ইলেকট্রিশিয়ান লাইসেন্স এর জন্য অনলাইনে আবেদনের বিজ্ঞপ্তি**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড কর্তৃক প্রদত্ত ৮ম ব্যচের ইলেকট্রিশিয়ান লাইসেন্স গ্রহণে আগ্রহী ইলেকট্রিশিয়ানদেরকে সর্বশেষ ১৯/০১/২০২৫ খ্রি. তারিখ ২৩.৫৯ ঘটিকার মধ্যে [e-service.ocei.gov.bd](http://e-service.ocei.gov.bd) ওয়েব এড্রেস ব্যবহার করে অনলাইনে আবেদন করার জন্য অনুরোধ করা যাচ্ছে। যে সকল প্রার্থী পূর্বে রেজিস্ট্রেশন করেছেন তাদেরকে পুনরায় রেজিস্ট্রেশন না করে পূর্বের User ID এবং Password দিয়ে লগইন করে আবেদন করতে হবে। উল্লেখ্য একই মোবাইল/ই-মেইল/এনআইডি নম্বর একাধিকবার ব্যবহার করা যাবে না। অনলাইন ব্যতীত সরাসরি কোন আবেদন গ্রহণ করা হবে না। আবেদন প্রক্রিয়া অনলাইনে প্রেরণের জন্য নিম্নোক্ত পদ্ধতি অনুসরণ করুনঃ

**অনলাইনে আবেদনপত্র পূরণ সংক্রান্ত নিয়মাবলি ও করণীয়ঃ**

রেজিস্ট্রেশন পদ্ধতি	ক)	প্রথমে যে কোনো ওয়েব ব্রাউজার থেকে <a href="http://e-service.ocei.gov.bd">e-service.ocei.gov.bd</a> লিংকে প্রবেশ করুন।
	খ)	Registration বাটনে ক্লিক করুন ও User Registration Form পূরণ করুন এবং Submit বাটনে ক্লিক করুন।
	গ)	মোবাইলে একটি চার ডিজিট এর OTP যাবে সেটি ফরমে নির্ধারিত স্থানে ব্যবহার করুন এবং Submit বাটনে ক্লিক করুন।
লগইন	ঘ)	User ID হিসেবে নিজেদের মোবাইল নম্বর (ইংরেজি ডিজিট) অথবা ই-মেইল ব্যবহার করুন।
	ঙ)	Password হিসেবে রেজিস্ট্রেশন এ প্রদত্ত পাসওয়ার্ড ব্যবহার করুন।
	চ)	Login বাটনে ক্লিক করুন।
এপ্লিকেশন পদ্ধতি	ছ)	Application Menu তে ক্লিক করুন এবং সাবমেনু থেকে আপনার কাঙ্ক্ষিত এপ্লিকেশন (ইলেকট্রিশিয়ান লাইসেন্স) এ ক্লিক করুন।
	জ)	আবেদনের নিয়মাবলি বিস্তারিতভাবে পড়ুন এবং I Agree বাটনে ক্লিক করুন।
	ঝ)	যে ফরমটি পাবেন তাতে আপনার নিজের ব্যক্তিগত তথ্যগুলি যেমন স্থায়ী ঠিকানা, বর্তমান ঠিকানা, শিক্ষাগত যোগ্যতা, চাকরির অভিজ্ঞতা সঠিকভাবে ইংরেজি ঘরে ইংরেজিতে এবং বাংলার ঘরে বাংলাতে পূরণ করুন।
ফি প্রদান পদ্ধতি	ট)	সংযুক্তিতে আপনার ছবি, স্বাক্ষর ও শিক্ষাগত যোগ্যতার সনদ সংযুক্ত করে দিন এবং Save & Next বাটনে ক্লিক করুন।
	ঠ)	(১) বাংলাদেশ ব্যাংক অথবা সোনালী ব্যাংকে ড্রেজারী চালান এর মাধ্যমে ১-৫৬৩১-০০০০-১৮৫৪ কোডে অথবা এ চালান/ ই চালানের এর জন্য প্রাতিষ্ঠানিক কোড ১৫৬০২০১১৩২৪৮৪ এবং অর্থনৈতিক কোড ১৪২২১৯৯- অন্যান্য লাইসেন্স ফি খাতে নির্ধারিত লাইসেন্স ফি পরিশোধ করে চালান এর স্ক্যান কপি/পিডিএফ কপি সংরক্ষণ করুন। License Fee এর ঘরে ব্যাংকের নাম, ব্রাঞ্চের নাম, চালান নং, তারিখ ও চালানের স্ক্যান কপি/পিডিএফ কপি সংযুক্ত করে “Save Payment Info” বাটনে ক্লিক করুন।
	ড)	(২) Center Fee পরিশোধ এর জন্য Make Payment বাটনে ক্লিক করুন এবং মোবাইল ব্যাংকিং, ক্রেডিট কার্ড অথবা ইন্টারনেট ব্যাংকিং এর মাধ্যমে সেন্টার ফি এর টাকা পরিশোধ করুন।
ফাইনাল সাবমিশন	ঠ)	পেমেন্ট কমপ্লিট হওয়ার পর ড্যাশবোর্ড এর Application List থেকে “Final Submit” বাটন এ ক্লিক করুন। Application এ কোনো ধরনের সংশোধন এর প্রয়োজন থাকলে “Final Submit” বাটনে ক্লিক করার পূর্বেই “EDIT” বাটন এ ক্লিক করে তথ্য সংশোধন করে Save করুন। উল্লেখ্য Final Submit করার পর আর কোন তথ্য সংশোধন করা যাবে না। সফল ভাবে Application সম্পন্ন হলে পপ আপে Your Application Successfully Submitted দেখাবে। Dashboard এর List এ Application Status “Submitted” দেখাবে।

২। পরীক্ষার তারিখ, সময় পরবর্তীতে SMS এর মাধ্যমে জানানো হবে এবং প্রত্যেক পরীক্ষার্থী [e-service.ocei.gov.bd](http://e-service.ocei.gov.bd) হতে প্রবেশপত্র ডাউনলোড করে প্রবেশপত্র, জাতীয় পরিচয়পত্র, পূর্বের ইলেকট্রিশিয়ান লাইসেন্স (যদি থাকে), শিক্ষাগত যোগ্যতা, অভিজ্ঞতা সনদ ও সংযুক্ত ড্রেজারী চালানের মূলকপিসহ পরীক্ষার সময় উপস্থিত থাকতে হবে।

৩। যে সকল প্রার্থী A/AB/ B শ্রেণির জন্য আবেদন করবেন, তাদের পূর্বের ইলেকট্রিশিয়ান লাইসেন্স এর মেয়াদ কমপক্ষে ৬(ছয়) মাস থাকতে হবে।

৪। প্রার্থী যে তারিখে আবেদন করবেন তার ২(দুই) মাস পূর্বের কোন জমাকৃত চালান গ্রহণযোগ্য হবে না এবং জমাকৃত ড্রেজারী চালানের টাকা ও সেন্টার ফিসের টাকা ফেরৎ যোগ্য নয়।

৫। Online-এ আবেদন এবং টাকা জমার কাজটি প্রার্থী নিজে সম্পন্ন করবেন। এ ক্ষেত্রে অন্য মাধ্যম থেকে উক্ত কাজটি সম্পন্ন করে প্রার্থী প্রতারণিত হলে কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

৬। অসম্পূর্ণ/অসত্য তথ্যসহ আবেদন বাতিল হিসেবে গণ্য হবে।

৭। পরীক্ষা সংক্রান্ত যাবতীয় তথ্য [www.ocei.gov.bd](http://www.ocei.gov.bd) হতে পাওয়া যাবে।

  
১৮/১২/২০২৪

(মোঃ আতোয়ার রহমান মোল্লা)

সদস্য সচিব

বিদ্যুৎ লাইসেন্সিং বোর্ড, ঢাকা।